ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি দপ্তর
*******

<u>স-৩০২৪</u>

সাব্রুম, ১২ মার্চ, ২০২৫

**আগামী ১৩ মার্চ ঐতিহ্যবাহী বনকুল মহামুনি উৎসব ও মেলার উদ্বোধন**

সাব্রুমের রূপাইছড়ি ব্লকের বনকুল মহামুনি মন্দিরে আগামী ১৩ মার্চ থেকে শুরু হবে ঐতিহ্যবাহী বনকুল মহামুনি উৎসব ও মেলা। পাঁচদিনব্যাপী এই মেলা চলবে আগামী ১৭ মার্চ পর্যন্ত। ঐদিন বিকাল ৪টায় তথ্য ও সংস্কৃতি বিষয়ক দপ্তর, সাব্রুম মহকুমা প্রশাসন এবং মহামুনি ডেভেলপমেন্ট সোসাইটির যৌথ উদ্যোগে আয়োজিত মহামুনি উৎসব ও মেলার উদ্বোধন করবেন মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন পরিবহণ ও পর্যটন দপ্তরের মন্ত্রী সুশান্ত চৌধুরী, বিধায়ক মাইলাফ্রু মগ, এমডিসি কংজং মগ, টিটিএএডিসি'র সিইও চন্দ্র কুমার জমাতিয়া। সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত থাকবেন রূপাইছড়ি বিএসি চেয়ারম্যান রাখী ত্রিপুরা, রূপাইছড়ি ব্লকের বিডিও অভিজিৎ মজুমদার প্রমুখ। উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন দক্ষিণ ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি দীপক দত্ত। ৫ দিনব্যাপী এই উৎসবে বৌদ্ধ ধর্মীয় রীতি মেনে পূজার্চনা হবে। বিভিন্ন দপ্তর থেকে প্রদর্শনী স্টলও খোলা হবে মেলায়। এছাড়াও প্রতিদিন সন্ধ্যায় থাকবে স্থানীয় ও বহির্রাজ্যের শিল্পীদের মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান।

******